

যুগান্তর

ছাত্রলীগের হামলায় ঢাবি ছাত্র ইউনিয়ন সভাপতিসহ আহত ১০

👤 যুগান্তর ডেস্ক

🕒 ১২ ডিসেম্বর ২০২৩, ২৩:১৪:৪০ | [অনলাইন সংস্করণ](#)



ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ছাত্রলীগের হামলায় বামপন্থী ছাত্র সংগঠনের অন্তত ১০ নেতাকর্মী আহত হয়েছেন।

মঙ্গলবার সন্ধ্যায় ঢাবি টিএসসি সংলগ্ন রাজু ভাস্কর্যের কাছে এ ঘটনা ঘটে।

আহতদের মধ্যে ঢাবি ছাত্র ইউনিয়নের সভাপতি মেঘমল্লার বসু, কোষাধ্যক্ষ নিজামউদ্দিন ও মাহাথির খানকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, টিএসসি এলাকায় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে ঢাবি ছাত্রলীগের স্থাপিত একটি বোর্ড ছিঁড়ে ফেলায় ছাত্র ইউনিয়নের নেতাকর্মীদের ওপর হামলা চালানো হয়।

হামলার পর রাজু ভাস্কর্য এলাকায় মিছিল করে ছাত্রলীগের নেতাকর্মীরা।

ঢাবি ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক মাস্টিন আহমেদ গণমাধ্যমকে বলেন, দীর্ঘদিন রাজু ভাস্কর্য ব্যানারে ঢাকা ছিল। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ব্যানার তুলে ফেলে। এতে ছাত্রলীগের সন্ত্রাসীরা শিক্ষার্থীদের ওপর হামলা চালায়।

তিনি বলেন, শিক্ষার্থীদের বাঁচাতে গেলে ঢাবি ছাত্র ইউনিয়নের সভাপতি মেঘমল্লার বসু, কোষাধ্যক্ষ নিজাম উদ্দিন, শিক্ষা ও গবেষণা সম্পাদক নিনাদ খানসহ গণতান্ত্রিক ছাত্রজোটের নেতাদের ওপরও হামলা করে ছাত্রলীগ।

জানতে চাইলে ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক তানবীর হাসান সৈকত বলেন, প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত ব্যানার ছিঁড়ে ফেলতে গেলে বামপন্থী নেতাদের প্রতিহত করে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। তারা শেখ হাসিনার ছবি ভাঙার সাহস দেখিয়েছে, আমরা তাদের দেখে নেব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

